বামনার প্রত্যন্ত অঞ্চলে রোগি পরিবহনে সংগ্রাম চালু করল “পল্লী সেবা পরিবহন”

মো: সানাউল্লাহ্ রিয়াদ, বরগুনা : জীবন নিশ্চয়ই জীবনের জন্য। আর সে জীবনকে সুন্দর করে পরিচর্যা করতে হয়। ভালোবাসা আর যত্নই কেবল একটি জীবনকে কোমলময় করে বাঁচিয়ে রাখতে পারে।

তবে আজকাল গ্রামের পথ-প্রান্তর আর মাঠ-ঘাট যেন শীর্ণ পথের দরজা মেলে আছে। যে দরজায় দাঁড়িয়ে থাকা মানুষগুলোকে সংগ্রাম নিশ্চিত করতে চায় সঠিক স্বাস্থ্য সেবা।

তাই পাইলটিং প্রোগ্রাম এর অংশ হিসেবে বরগুনা জেলার বামনা উপজেলায় চালু করেছে পল্লী পথের এই সাধারণ মানুষগুলোর জন্য “পল্লী সেবা পরিবহণ”।

সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী) এর বাস্তবায়নে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় গত মঙ্গলবার (১৯ নভেম্বর) বিকেল ৫ টার দিকে বামনা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চত্বরে “পল্লী সেবা পরিবহণ” এর উদ্বোধন করেন বামনা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ আল ইমরান।

এসময় বামনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আরএমও মোঃ আব্দুল্লাহ আল জুমা, সংগ্রাম’র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন, পিকেএসএফ’র স্বাস্থ্য ও পুষ্টি ম্যানেজার ড. আশরাফুল আলম, সংগ্রাম’র পরিচালক (প্রশিক্ষণ) মো: মাসউদ সিকদার, বামনা প্রেসক্লাব’র ভারপ্রাপ্ত সভাপতি মোঃ জাকির হোসাইন, সাধারণ সম্পাদক মোঃ নাসির মোল্লা, নয়াদিগন্ত পত্রিকার জেলা সংবাদদাতা মো: গোলাম কিবরিয়া সহ অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

অ্যাম্বুলেন্সটি তৈরি করা হয়েছে অটোরিক্সার আদলে। যেখানে রয়েছে রোগি পরিবহনে ফোল্ডিং সিট, অক্সিজেন সরবরাহ ব্যবস্থা সহ বিভিন্ন সুবিধাদি।